

ঈশ্বর মোশি ও যিহোশূয়ের কাছে আনন্দপূর্ণ সত্যসমূহ প্রকাশ করেছিলেন

প্রার্থনা : “সর্বশক্তিমান, শাস্ত্রত ঈশ্বর তোমাকে জানতে এবং তোমার পবিত্রতা এবং মহিমা উপলব্ধি করতে শিশুদের সাহায্য কর।”

প্রয়োজন, তাদের সঙ্গে প্রস্তুতির জন্য আপনার সুপ্রাণ্য সময় এবং আপনার পরিপক্বতার স্তরের সঙ্গে মানানসই কার্যকলাপ মনোনীত করুন।



ঈশ্বর কিভাবে জ্বলন্ত ঝোপের মধ্যে থেকে মোশির সঙ্গে কথা বলেছিলেন, সেই বিষয়টি একজন বড় শিশু বা শিক্ষককে যাত্রা ৩ঃ১-১ঃ৫ পদ থেকে পাঠ করতে দিন। তারপর আরাধনার সময় বয়স্কদের কাছে শিশুদের নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন। প্রতিটি শিশুর তাদের প্রশ্নগুলো উত্তর অবশ্যই জানা উচিত। (প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

- ঝোপে আশ্চর্য কি বিষয় ছিল? (ইহা জ্বলছিল, কিন্তু কিছুই দগ্ধ হচ্ছিল না।)
- মোশি ঝোপের মধ্যে থেকে কি শুনেছিলেন? (তাঁর নাম ধরে ডাকা হয়েছিল।)
- কে মোশির নাম ধরে ডেকেছিলেন? (আব্রাহাম, ইসহাক ও যাকোবের ঈশ্বর)
- মোশি কেন পাদুকা খুলে রেখেছিলেন? (তিনি পবিত্র ভূমিতে দাঁড়িয়ে

ছিলেন।)

- ঈশ্বর মোশিকে কি করতে বলেছিলেন? (ফরৌণ রাজার কাছে যেতে এবং ঈশ্বরের লোকদের মিশর থেকে বের করে আনতে।)
- ঈশ্বর তাঁর নাম কি বলেছিলেন? (আমি আছি।)

যর্দন নদী অতিক্রমের বিষয়টি একটি বড় শিশুকে অথবা একজন শিক্ষককে যিহোশূয় ৩ঃ১৪-৪ঃ৭ অংশটি থেকে পাঠ করতে বা বলতে দিন। ঈশ্বর লোকদের জন্য কি কি মহান কার্য করেছিলেন তা স্মরণ করার বিষয় এই পাঠ্যাংশটিতে বলা হয়েছে।

গল্লি বলার পর, এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। (প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

- কোন্ ইস্রায়েলীয়গণ প্রথমে যর্দন নদীতে গেছিলেন? (যিহোশূয় ৩ঃ১৪ পদ)
- যাজকগণ যখন নিয়ম সিন্দুক বহন করে যর্দন নদীতে পদার্পণ করেছিলেন, তখন কি ঘটেছিল? (৩ঃ১৫ পদ)
- নদীর মধ্যে থেকে বারজন নেতা কি গ্রহণ করেছিলেন? (৪ঃ৩)
- প্রস্তরগুলোর উদ্দেশ্য কি ছিল? (৪ঃ৬)
- নেতৃবর্গ নদী থেকে প্রস্তরগুলো নিয়ে কোথায় স্থাপন করেছিলেন? (৪ঃ৮)

যর্দন নদী অতিক্রমের গল্লি কয়েকটি অংশ নাটকে পরিণত করুন। শিশুদের দিয়ে নাটকটি উপস্থাপনের জন্য আরাধনার নেতাদের সঙ্গে ব্যবস্থা করুন। বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে সাহায্য করতে দিন।

- বড় শিশু বা প্রাপ্তবয়স্কদের যিহোশূয় এবং বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোট শিশুদের ইস্রায়েলীয়দের, নেতাদের এবং নিয়ম সিন্দুক বহনকারী যাজকদের ভূমিকায় অভিনয় করতে দিন।

বর্ণনাকারী : যিহোশূয় ৩ঃ১৪-১ঃ৭ অংশ থেকে গল্লিটির প্রথম ভাগ বলুন। তারপর বলবেন, “যিহোশূয় কি বলছেন, শুনুন।”

যিহোশূয় : “আমরা যর্দন নদী অতিক্রম করতে যাচ্ছি, ইহা এখন প্লাবিত হচ্ছে, কিন্তু ঈশ্বর আমাদের সঙ্কল্পভূমি দিয়ে পার হতে সাহায্য করবেন। লক্ষ্য করুন, তিনি কি করেন। যাজকগণ, নিয়ম সিন্দুক নিয়ে জলে পা রাখুন।”



যাজকগণ : নিয়ম সিন্দুক বহন করবেন এবং 'নদীর' অর্ধেক পথ গিয়ে থামবে। একজন বলবে “দেখ! নদীর জল কেমনভাবে দু-দিকে স্ফূপীকৃত হয়েছে আমাদের কাছ থেকে দূরে সরে যাচ্ছে।”

ইস্রায়েলীয়গণ : চল নদী অতিক্রম করি এবং যাজকদের অতিক্রম করে এগিয়ে যাই। একজন বলবে, “দেখ! আমাদের পা একদম শুকনো। আমরা শুকনো ভূমির ওপর দিয়ে হাঁটছি!”

বর্ণনাকারী : যিহোশূয় ৪:১-৭ অংশটি থেকে গল্পটির দ্বিতীয় ভাগ বলবে। তারপর বলবে, “শুনুন, যিহোশূয় কি বলছেন।”

যিহোশূয় : ইস্রায়েলীয়গণ যেখানে আছেন সেখানে যাবেন এবং বলবেন, “আমরা নদী পেরিয়ে এসেছি! এখন প্রতিটি গোষ্ঠীর একজন করে নেতা নদীর মধ্যস্থান থেকে একটা করে পাথর তুলে নিয়ে এসে একটি স্মৃতি স্তম্ভ তৈরী করবে, যাতে এই দিনে ঈশ্বর আমাদের জন্য যা করেছেন, আমাদের সন্তানরা তা মনে রাখতে পারে।”

নেতৃবর্গ : যাজকরা যেখানে দাঁড়িয়ে আছে সেখানে যাও। তারা ভারী পাথর তুলে যিহোশূয়ের কাছে নিয়ে আসার ভাণ করবে। একজন বলবে, “এই পাথরটা খুব ভারী। এটা দিয়ে খুব ভাল স্মৃতি স্তম্ভ তৈরী হবে।”

যিহোশূয় : আমাদের শিশুরা জিজ্ঞাসা করবে, “এই প্রস্তর স্তূপের অর্থ কি? আমরা তাদের এই দিনটির বিষয় বলব। আমরা ঈশ্বরের মহান কাজগুলোর বিষয় মনে রাখব।”

বর্ণনাকারী : যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ দেবে।

শিশুরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করেন তবে তাদের বড়দেরকে প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।



ছোট শিশুদের একটি পাথরের স্তূপ আঁকতে দিন। তারা পরবর্তী আরাধনার সময় বড়দের কাছে ছবিটি দেখাবে এবং ব্যাখ্যা করবে যে এর থেকে বোঝা যায় যে ঈশ্বর আমাদের জন্য যা কিছু করেছেন, তা মনে রাখার জন্য আমরা কিভাবে গান, গল্প এবং অন্যান্য বিষয় ব্যবহার করতে পারি।

জিজ্ঞাসা করুন, পাথরের স্তূপ দিয়ে স্মৃতিসৌধ তৈরী করা ছাড়া আর কি কি ভাবে আমরা খ্রীষ্টানরা ঈশ্বরের কাজ মনে রাখতে পারি। লোকদের উদাহরণগুলো আলোচনা করুন।

কবিতা : আরাধনার সময় অন্য শিশুদের জন্য, প্রাপ্ত বয়স্কদের কাছে চারজন শিশুর প্রত্যেককে গীত ১৪৫:৪-৭ পদগুলোর একটি করে আবৃত্তি করতে দিন।

ছোট শিশুদের ফিলিপীয় ৪:৪ পদ মুখস্থ করতে দিন।

বড়শিশুদের বিবরণ ৮:৩ পদ মুখস্থ করতে দিন।

ঈশ্বর যে মহৎ কার্য করেছেন যা আমাদের মনে রাখা উচিত, সেই সকল বিষয়ে বড় শিশুদের কবিতা বা গান লিখতে দিন।

প্রার্থনা : “প্রিয় পিতা, তুমি আমাদের জন্য কত মহৎ মহৎ কার্য করেছ। সেই সকল বিষয়ে মনে রাখার জন্য এবং সর্বদা তোমার প্রশংসা করতে তুমি আমাদের সাহায্য কর। সেই সকল বিষয়গুলো অন্যদের বলতে আমাদের সাহায্য কর। তোমার মঙ্গল ও দয়ার বিষয় মনে রাখতে সাহায্য করার জন্য আমাদের ব্যবহারিক উপায় বলে দাও।”